গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.৭৮০০.০৪২.১৪.০৬৫.১৯-২০১০

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ / ০৯ অক্টোবর ২০২৩

**বিষয়: পটুয়াখালী জেলা পরিষদের বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের পত্র নং-২০, তারিখ: ২১/০৮/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলা পরিষদের বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন মূলক প্রকল্প স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি নির্দেশক্রমে অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৯/১০/২৩

মোহাম্মদ সামছুল হক
যুগ্মসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

বিতরণ:

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

২২৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন অনুবিভাগ
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৩৯.০০১.০০.০০.০০৩.২০১৭-২০ তারিখ ঃ ২১-০৮-২০২৩ খ্রিঃ

বিষয় ঃ পটুয়াখালী জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন। ।

সূত্র ঃ ৪৬.০০.০০০০.০৪২.৯৯.০৬৫.১৯-১৫৭৪, তারিখ: ১৯-০৭-২০২৩ খ্রি:

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলা পরিষদ কর্তৃক প্রস্তাবিত/বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প স্থান পরিদর্শনের আলোকে প্রস্তুতকৃত প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাজ)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং ঃ
তারিখঃ ২২/৮/২৩
স্বাক্ষর

২২/৮/২৩

(ড. মলয় চৌধুরী)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫১১০৬২
E-mail: adminwing@lgd.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

ডাইরী নং- ৬৪
তারিখ: ২৪/০৮/২০২৩
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

অনুলিপি অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী
২। উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, পটুয়াখালী।

ডায়েরি নং ৩০৫৭ তারিখ ২৪/৮/২৩
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
৬৬৬ তারিখ ২৩/৮/২৩
অতিরিক্ত সচিব (প্রশাসন)

# পরিদর্শন প্রতিবেদনঃ

## ক. পটুয়াখালী জেলা সদরে প্রস্তাবিত অডিটরিয়াম-কাম-মাল্টিপারপাস হল নির্মাণ প্রকল্পঃ

জুলাই ২১, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় পটুয়াখালী জেলা সদরে একটি অডিটরিয়াম-কাম-মাল্টিপারপাস হল নির্মাণের প্রস্তাবিত প্রকল্প এলাকা পরিদর্শন করি। পরিদর্শন কালে জেলা পরিষদ চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এবং সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) উপস্থিত ছিলেন। ছয়তলা ভবন বিশিষ্ট প্রকল্পের সম্ভাব্য প্লান, ডিজাইন এবং প্রকল্পের স্থান বিষয়ে প্রাথমিকভাবে পর্যালোচনা করা হয়। যাতে বাণিজ্যিক ও আয়বর্ধনমূলক সুযোগ-সুবিধার কথা বলা হয়েছে। তবে অবকাঠামো নির্মাণে কত বিনিয়েগের প্রয়োজন হবে, কিভাবে ভবনটি রক্ষনাবেক্ষন হবে বা সম্ভাব্য কত টাকা আয় হতে পারে তা হিসাব করা হয়নি। প্রকল্পের অবস্থান জেলা শহরের প্রাণকেন্দ্রে পৌর ভবণের কাছা-কাছি শহরের মূল রাস্তার সংলগ্ন। এখানে বহু বছর পূর্বে নির্মিত ০২টি ডাকবাংলো অবস্থা নাজুক, যা অপসারণ করা প্রয়োজন বলে চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মতামত ব্যক্ত করেন। প্রস্তাবিত অডিটরিয়াম-কাম-মাল্টিপারপাস হল নির্মাণ বিষয়ে একটি বিস্তারিত সমীক্ষা (Detailed Feasibility Study) প্রয়োজন। যার মাধ্যমে প্রকল্পটি কতটা যুক্তিসংগত হবে বা কি ধরণের অবকাঠামো এবং আর্থিক বিনিয়োগ লাভজনক হবে তা জানা যাবে। এ বিষয়ে চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, পটুয়াখালী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মৌখিকভাবে পরামর্শ প্রদান করা হয়।

**মন্তব্য:** প্রস্তাবিত অডিটরিয়াম-কাম-মাল্টিপারপাস হল নির্মাণ বিষয়ে একটি বিস্তারিত সমীক্ষা (Detailed Feasibility Study) মাধ্যমে প্রকল্পটি কতটা যুক্তিসংগত হবে বা কি ধরণের অবকাঠামো এবং আর্থিক বিনিয়োগ লাভজনক হবে তা অবহিত হয়ে প্রকল্প গ্রহণ করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, পটুয়াখালীকে অনুরোধ করা যেতে পারে।

## খ. পটুয়াখালী জেলার কুয়াকাটা পর্যটন কেন্দ্রে বহুতল বিশিষ্ট একটি ডাকবাংলো কাম-মাল্টিপারপাস হল নির্মাণ প্রকল্প

জুলাই ২১, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় পটুয়াখালী জেলার কুয়াকাটা পর্যটন কেন্দ্রে বহুতল বিশিষ্ট একটি ডাকবাংলো কাম-মাল্টিপারপাস হল নির্মাণের প্রস্তাবিত প্রকল্প স্থান পরিদর্শন করি। পরিদর্শন কালে জেলা পরিষদ চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এবং নির্বাহী প্রকৌশলী এলজিইডি,পটুয়াখালী উপস্থিত ছিলেন। প্রাথমিকভাবে প্রস্তুতকৃত প্রকল্পের সম্ভাব্য প্লান, ডিজাইন ও প্রকল্প স্থান সরেজমিনে পরীক্ষা করা হয়। প্রকল্পের অবস্থান কুয়াকাটা পর্যটন কেন্দ্রে বীচ সংলগ্ন। পটুয়াখালী জেলার কুয়াকাটা পর্যটন কেন্দ্রে বহুতল বিশিষ্ট একটি ডাকবাংলো কাম-মাল্টিপারপাস হল নির্মাণ করা হলে তা লাভজনক হবে বলে জেলা পরিষদ চেয়ারম্যান মতামত ব্যক্ত করেন। উল্লেখ্য যে, ইতোমধ্যেই উক্ত প্রকল্পের বিপরীতে রাজস্ব তহবিল থেকে ১৬০.০০ লক্ষ (এক কোটি ষাট লক্ষ) টাকা বরাদ্দ রাখা হয়েছে। প্রস্তাবিত ভবন

228

নির্মাণের ৫২.০০ শতাংশ জমি জেলা পরিষদের নামে রেকর্ড থাকা সত্বেও জনৈক ছোমেদ শেখের পুত্র মো: ইব্রাহীম শেখ গং বাদী হয়ে মোকাম পটুয়াখালী যুগ্ম জেলা জজ ১ম আদালতে পটুয়াখালী জেলা পরিষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা সহ ১৬ জনকে বিবাদী করে মূল দেওয়ানী ১৩৭/২০২১ মোকদ্দমা দায়ের করেছেন। উক্ত মোকদ্দমায় বাদী পক্ষ নিষেধাজ্ঞার আবেদন করলে ইং ২২/১১/২০২১ তারিখে দো-তরফা শুনানীতে বিজ্ঞ আদালত অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত সরাসরি না মঞ্জুর আদেশ করেন। উক্ত না মঞ্জুর আদেশের বিরুদ্ধে বাদী পক্ষ বিজ্ঞ জেলা জজ আদালতে মিস আপিল ০৪/২০২২ আনায়ন করেন; যা শুনানীর জন্য ২৭/০৭/২০২৩খ্রি. তারিখ ধার্য ছিল। জেলা পরিষদ উক্ত মামলায় আদেশ পাওয়া গেলে প্রস্তাবিত প্রকল্পটির বিষয়ে সিদ্ধান্ত নেয়া সহজ হবে। তবে এক্ষেত্রে সমূদ্র ভাংগন বিষয়টি বিবেচনায় নিতে হবে এবং এখানেও একটি পূর্নাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষা (Detailed Feasibility Study) প্রয়োজন। প্রাথমিকভাবে ধারণা করা যায় যে, আন্তর্জাতিকমানের একটি হোটেল বা অবকাঠামো নির্মাণ ও সেটি পরিচালনার জন্য প্রকল্পটি পাবলিক-প্রাইভেট-পার্টনারশীপ (PPP) এর মাধ্যমে বাস্তবায়ন করা যায় কিনা সেবিষয়ে চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালীকে পিপিপি অথরিটির সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হয়।

মন্তব্যঃ (১) প্রস্তাবিত প্রকল্প এলাকার ভুমি সংক্রান্ত মামলা দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, পটুয়াখালীকে অনুরোধ করা যেতে পারে।

(২) প্রকল্পটি পাবলিক-প্রাইভেট-পার্টনারশীপ (PPP) এর মাধ্যমে বাস্তবায়ন করা যায় কিনা সেবিষয়ে চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালীকে পিপিপি অথরিটির সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া যেতে পারে।

### গ. পটুয়াখালী জেলা সদরে শেখ রাসেল শিশু পার্ক প্রকল্পঃ

জুলাই ২১, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ পটুয়াখালী জেলা সদরে শেখ রাসেল শিশু পার্ক পরিদর্শন করি। পরিদর্শন কালে পটুয়াখালী জেলা পরিষদ চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এবং সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) উপস্থিত ছিলেন। পরিদর্শন কালে জানা যায়, এই প্রকল্পটি ২০১৮-১৯ সালে ৬৩৯ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়ন করা হলেও পার্কে আশানুরূপ দর্শনার্থী আসে না এবং শিশু পার্ক থেকে বর্তমানে তেমন আয় পাওয়া যায় না। বর্তমানে জেলা পরিষদের নিজস্ব ব্যবস্থাপনায় পার্কটি পরিচালনা করা হচ্ছে। দীর্ঘ মেয়াদী ইজারা প্রদান করা হলে লীজ গ্রহিতাগণ অধিক বিনিয়োগে আগ্রহী হবে এবং নতুন নতুন আকর্ষনীয় রাইডার স্থাপিত হবে ফলে দর্শনাথী বৃদ্ধি পাবে মর্মে জেলা পরিষদ চেয়ারম্যান মতামত ব্যাক্ত করেন। উল্লেখ্য যে, পার্কটি লীজ প্রদানের নিমিত্ত ইতোমধ্যেই দরপত্র আহবান করা হলে ৭০০০০০.০০ (সাত লক্ষ) টাকার মাত্র একটি দরপত্র জমা পড়ে বলেও জানা যায়। পার্কে আরও দৃষ্টি নন্দন রাইডস স্থাপন করা প্রয়োজন বলেও জেলা পরিষদ চেয়ারম্যান অভিমত ব্যক্ত করেন। জেলার শহরের কেন্দ্রস্থলে মনোরম পরিবেশে অবস্থিত পার্কটিতে জনসমাগম কম হওয়া বিষয়ে আরও বিস্তারিত কারন অনুসন্ধান প্রয়োজন এবং সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

মন্তব্যঃ জেলার শহরের কেন্দ্রস্থলে মনোরম পরিবেশে অবস্থিত পার্কটিতে জনসমাগম কম হওয়া বিষয়ে কারণ অনুসন্ধান করতঃ উহা সমাধানের সম্ভাব্য উপায়সহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করার জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার, পটুয়াখালী,

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) জেলা পরিষদ ও নির্বাহী প্রকৌশলী, এলজিইডি-এর সমন্বয়ে গঠিত কমিটিকে অনুরোধ করা যেতে পারে।

### ঘ. লাউকাঠি ইউনিয়নে খলিসাখালী ইকো পার্ক নির্মাণ প্রকল্প

পটুয়াখালী জেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, পটুয়াখালী সদরে নদীর অপরপাড়ে লাউকাঠি ইউনিয়নে খলিসাখালীতে জেলা পরিষদের ১১.৫৪ একর উম্মুক্ত পতিত জমি রয়েছে। যা ইতোপূর্বে মাছ চাষ করার জন্য লিজ প্রদান করা হয়েছিল। তিনি উক্ত জমিতে ইকো পার্ক করার অভিপ্রায় ব্যক্ত করেন। উল্লেখ্য, এ বিষয়ে জেলা প্রশাসক, পটুয়াখালীর সঙ্গে কথা বলে জানা যায় যে, প্রস্তাবিত ইকো পার্ক হতে অদুরে জেলা প্রশাসন হতেও একটি পার্ক করার উদ্যোগ নেয়া হয়েছে।

মন্তব্যঃ প্রস্তাবিত স্থানে ইকোপার্ক স্থাপনের পূর্বে ইহার সম্ভাব্যতা যাচাই করা আবশ্যক।

### ঙ. লেডিস ক্লাব পরিদর্শন

২১ জুলাই/২০২৩খ্রি. তারিখ পটুয়াখালী সদরে লেডিস ক্লাব সংস্কার প্রকল্পটি পরিদর্শন করি। পরিদর্শনকালে জেলা পরিষদ চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এবং সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত) উপস্থিত ছিলেন। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এ কাজের জন্য জেলা পরিষদ হতে দশ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থসহ বিভিন্ন উৎস হতে আরো অর্থ সংগ্রহ করে লেডিস ক্লাবটির অবকাঠামোর উন্নয়ন করা হযেছে। এ কাজটি পরিদর্শন কালে কিছু ত্রুটি-বিচ্যুতি গোচরীভূত হয়। জেলা পরিষদের বর্ণিত অর্থের কাজে গাফিলতি হলে প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)কে এ কাজ সম্পাদনকারী ঠিকাদারের মাধ্যমে অবিলম্বে ত্রুটি-বিচ্যুতি সংশোধন করার জন্য অনুরোধ করা হলো। ত্রুটি-বিচ্যুতি সংশোধন ছাড়া পারফর্মেন্স সিকুরিটি না প্রদান করার জন্যও বলা হলো।

মন্তব্যঃ লেডিস ক্লাবটির অবকাঠামোর ত্রুটি-বিচ্যুতি অবিলম্বে সংশোধনের ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ পটুয়াখালীকে অনুরোধ করা হলো।

২৭/৮/২৩

ড. মলয় চৌধুরী
অতিরিক্ত সচিব



২২২